

CUET, KUET ও RUET- এর স্নাতক পর্যায়ে সমন্বিত ভর্তি পরীক্ষা

শিক্ষাবর্ষ: ২০২৩-২৪, ০৩ মার্চ ২০২৪ ইং (রবিবার)

-ঃ পরীক্ষার্থীগণের জ্ঞাতার্থে নির্দেশাবলী :

A. সাধারণ তথ্যাবলী:

- পরীক্ষার্থীরা স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষার কক্ষে প্রবেশ করবে।
- পরীক্ষার সময় :
গ্রুপ 'ক' : সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত
গ্রুপ 'খ' : সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:৪৫ ঘটিকা পর্যন্ত (১২:৩০ ঘটিকা হতে ১২:৪৫ ঘটিকা বিরতি)
- পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে কোন পরীক্ষার্থী পরীক্ষার কক্ষে প্রবেশ করতে পারবে না। পরীক্ষা শুরুর পর ১ ঘণ্টা ৩০ মিনিট অতিবাহিত না হলে এবং উপস্থিতিপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর না হলে পরীক্ষার কক্ষ ত্যাগ করতে পারবে না।
- পরীক্ষা শুরুর ১ (এক) ঘণ্টা পর্যন্ত সাধারণভাবে পরীক্ষার্থীকে Wash Room এ যাওয়ার অনুমতি দেয়া যাবে না।
- পরীক্ষার কক্ষে জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট স্কয়ার, কম্পাস, কোন প্রকার মোবাইল ফোন, ব্লু-টুথ ডিভাইস, ব্যাগ, ইলেক্ট্রনিক ঘড়ি বা অন্য কোন প্রকার ইলেক্ট্রনিক যন্ত্র আনা সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
- পরীক্ষায় কোন প্রকার অসদুপায় অবলম্বন করলে/অবলম্বনের চেষ্টা করলে অথবা অন্য কারো সাথে কোন দুর্ব্যবহার করলে পরীক্ষার্থীকে কক্ষ হতে বহিস্কার করা হবে এবং তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ভর্তি পরীক্ষার সময় কেবলমাত্র কলম, পেন্সিল, ইরেজার (Eraser) ও ক্যালকুলেটর আনা যাবে। শুধুমাত্র নিম্নবর্ণিত ছকে উল্লিখিত মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। সর্বোচ্চ ০২টি ক্যালকুলেটর পরীক্ষার হলে বহন ও ব্যবহার করা যাবে। এছাড়া পরীক্ষার্থী HSC/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও সমন্বিত ভর্তি পরীক্ষার ডাউনলোডকৃত প্রবেশপত্রের হার্ডকপি সঙ্গে রাখবে।

CANON	F200	F401	F402	F500	F501	F502
	F601	F602	F604	F612	F720	
CASIO	FX82 SUPER	FX82 MS	FX991 ex	FX991 CW		
	FX100 MS	FX100 ES	FX100 ES PLUS			
	FX115 MS					
	FX570 MS	FX570 ES	FX570 ES PLUS	FX570W		
	FX911 MS	FX911 S				
	FX911 D	FX991ES	FX991ES PLUS	FX991H	FX991MS	
	FX992 S	FX991EX				
SHARP	EL506 L	EL506 R	EL506 V	EL509 G	EL509 L	EL509 R
	EL509 V	EL510 R	EL520 G	EL520 L		
	EL531GH	EL531LH	EL531P	EL531RH	EL531V	EL531VB
	EL531VH	EL546G	EL546L	EL546R	EL546VA	
	EL553	EL556G	EL556L			
TEXUS INSTRUMENTS	BA REAL ESTATE	BA35SOLAR	BAIPLUS			
	TI 25STAT	TI 30 Challenger	TI 30X	TI 30XA	TI 30X SOLAR	TI-30XIIS
	TI-30XIIB	TI 32 Xplorer PLUS	TI 34	TI 35X	TI 36 SOLAR	TI 36X SOLAR

B. MCQ পরীক্ষার ক্ষেত্রে প্রযোজ্য ('ক' ও 'খ' উভয় গ্রুপের জন্য) :

- MCQ পরীক্ষা সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত চলবে।
- পরীক্ষার্থীগণ উত্তর প্রদানের জন্য প্রাপ্ত OMR শীটে "পরীক্ষার্থী পূরণ করবে" অংশে আবশ্যিকভাবে কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা ভর্তি পরীক্ষার রোল নং, Application ID., Set Code এবং Center Code লিখবে এবং সঠিকভাবে বৃত্ত ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করবে। প্রশ্নপত্র প্রাপ্তির পর সেট কোড পূরণ করবে।
- "প্রত্যবেক্ষক পূরণ করবেন" অংশে পরীক্ষার্থীর কোনো কিছুই লিখবে না।
- OMR শীটে উত্তর প্রদানের অংশে (বৃত্ত ভরাট) কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা অথবা 2B পেন্সিল দ্বারা পূরণ করতে হবে।
- বৃত্তাকার ঘরগুলো এমনভাবে ভরাট করতে হবে যাতে বৃত্তের ভিতরের লেখাটি দেখা না যায়। অভরাটকৃত বৃত্তাকার ঘরে কোনরূপ ফোটা, দাগ, টিক, ক্রস বা অন্যকোন চিহ্ন দেয়া যাবে না।
- OMR উত্তরপত্র এ কোন প্রকার অবাঞ্ছিত দাগ দেয়া যাবে না এবং কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না।
- MCQ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে সংশ্লিষ্ট প্রশ্নের জন্য বরাদ্দ নম্বরের ২৫% কাটা যাবে।
- প্রশ্নপত্রে ৪(চার) টি বিষয়ে সর্বমোট ১০০(একশ) টি প্রশ্ন আছে। পদার্থ বিজ্ঞান, গণিত, রসায়ন ও ইংরেজী বিষয়ে পৃথকভাবে প্রত্যেকটিতে ২৫টি প্রশ্ন দেয়া আছে। পদার্থ বিজ্ঞান, গণিত, রসায়ন এই তিন বিষয়ের প্রতিটি প্রশ্নের পূর্ণমান ০৬ নম্বর এবং ইংরেজি বিষয়ের প্রতিটি প্রশ্নের পূর্ণমান ০২ নম্বর। (সর্বমোট নম্বর= ১৫০+১৫০+১৫০+৫০=৫০০)।
- পরীক্ষা শুরুর পূর্বে প্রশ্নপত্রে ১ হতে ১০০ পর্যন্ত প্রশ্ন আছে কিনা দেখে নিতে হবে এবং কোনো পৃষ্ঠা বাদ থাকলে অথবা অম্পষ্ট ছাপানো থাকলে প্রত্যবেক্ষককে জানাতে হবে।
- রাফ ক্যালকুলেশনের জন্য প্রশ্নপত্রের যে কোন অংশ ব্যবহার করা যাবে। এছাড়া অন্য কোনো কাগজ ব্যবহার করা যাবে না।
- পরীক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত Attendance Sheet এর নির্ধারিত স্থানে বাংলায় পিতার নাম লিখতে হবে এবং স্বাক্ষর করতে হবে।
- পরীক্ষা শেষ হওয়ার পর পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র ও OMR উত্তরপত্র জমা দিবে। 'খ' গ্রুপের পরীক্ষার্থীগণের মুক্তহস্ত অংকন পরীক্ষা একই আসনে দুপুর ১২:৪৫ ঘটিকায় শুরু হবে।

C. মুক্তহস্ত অংকন (শুধুমাত্র 'খ' গ্রুপের জন্য প্রযোজ্য):

- 'খ' গ্রুপের মুক্তহস্ত অংকন একই আসনে দুপুর ১২:৪৫ ঘটিকা থেকে দুপুর ০১:৪৫ ঘটিকা পর্যন্ত চলবে।
- মুক্তহস্ত অংকনের ক্ষেত্রে ০৪ (চার) টি প্রশ্ন থাকবে। সংশ্লিষ্ট উত্তর প্রশ্নের নীচে দেওয়া বক্সের ভিতর সীমাবদ্ধ রাখতে হবে।
- মুক্তহস্ত অংকনের জন্য পেন্সিল ব্যবহার করা যাবে।
- পরীক্ষার্থীকে সরবরাহকৃত প্রশ্নপত্রের টপশীটের নির্ধারিত স্থানে ভর্তি পরীক্ষার রোল নম্বর বাংলায় (অংকে ও কথায়) লিখতে হবে। প্রত্যবেক্ষকের লেখার ও স্বাক্ষর করার স্থানে পরীক্ষার্থী কোন কিছুই লিখবেনা।
- পরীক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত Attendance Sheet এর নির্ধারিত স্থানে বাংলায় পিতার নাম লিখতে হবে এবং স্বাক্ষর করতে হবে।